

এর এয়ার ফেসিলিটি টাইটেল ভি পারমিটের পরিবর্তন সংক্রান্ত তথ্যের শিট

প্রজেক্ট: প্রস্তাবিত নাইট্রোজেন রিফ্রিজারেশনের সাইকেলের জন্য Con Edison-এর এয়ার ফেসিলিটি টাইটেল ভি পারমিটের পরিবর্তন

আবেদনকারী: Con Edison

ফেসিলিটি: Con Edison-অ্যাস্টোরিয়া ফেসিলিটি

NYSDEC অ্যাপ্লিকেশন নম্বর:

2-6301-00006/00081

NYSDEC কমিশনার নীতি 29, এনভায়রনমেন্টাল জাস্টিস অ্যান্ড পারমিটিং (CP-29) অনুযায়ী একটি পাবলিক পার্টিসিপেশন প্ল্যান (PPP) তৈরি করা হয়েছে

প্রস্তাবিত প্রোজেক্টে কী রয়েছে?

প্রস্তাবিত প্রোজেক্টটি Con Edison সংস্থাকে একটি নিরাপদ এবং নির্ভরযোগ্য তরল প্রাকৃতিক গ্যাস (LNG) উৎপাদন প্ল্যান্টের পরিষেবা প্রদানের কাজ চালিয়ে যাওয়ার অনুমতি দেবে। গ্যাস সরবরাহে আচমকা বিদ্যুৎ ঘটলে বা প্রচলিত ঠান্ডার মরশুমে এটি বাড়ি, হাসপাতাল, স্কুল, ব্যবসা সহ 1.2 মিলিয়ন গ্রাহকদের প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য একটি ব্যাক-আপ সিস্টেম হিসাবে কাজ করবে।

বর্তমানে Con Edison-এর একটি টাইটেল ভি এয়ার পারমিট রয়েছে যা তার অ্যাস্টোরিয়া ফেসিলিটিতে এর কার্যকলাপের জন্য হওয়া বায়ু নির্গমনকে নিয়ন্ত্রণ করে, যার মধ্যে এলএনজি (LNG) প্ল্যান্ট অন্তর্ভুক্ত রয়েছে। প্রস্তাবিত প্রোজেক্ট বাস্তবায়নের জন্য, Con Edison তার বর্তমানে থাকা টাইটেল ভি এয়ার পারমিট পরিবর্তন করতে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (NYSDEC) কাছে আবেদন করেছে যেখানে প্রস্তাবিত প্রকল্পের শেষ হওয়া এবং বর্তমানের গ্যাস-চালিত সাধারণ সাইকেল কন্ট্রোল টারবাইন (GT014) পরিবর্তন করার বিষয়টি উল্লেখ করেছে। এর পরিবর্তে তারা একটি নতুন, কম নির্গমন হওয়া গ্যাস-চালিত সাধারণ সাইকেল কন্ট্রোল টারবাইন (GT015), বসানোর ব্যাপারে জানিয়েছে, যা একই সাইটে একটি নতুন বিল্ডিংয়ে ইনস্টল করা হবে। এটি অন্যান্য এলএনজি (LNG) প্ল্যান্ট সংক্রান্ত সরঞ্জাম রাখার জন্য প্রস্তাবিত প্রকল্পের থেকে স্বতন্ত্রভাবে তৈরি করা হচ্ছে। এই প্রোজেক্টের জন্য আগে থেকেই যে টারবাইন রয়েছে তা একই ধরনের নতুন টারবাইন দিয়ে পাল্টানো হলে এলএনজি (LNG) প্ল্যান্টের অপারেশনের কারণে হওয়া বায়ু নির্গমন উল্লেখযোগ্যভাবে কমে যাবে।

Con Edison সংস্থাকে কেন টাইটেল ভি এয়ার পারমিট পরিবর্তন করতে হবে?

বর্তমানের টারবাইনটি অনেক পুরানো এবং আসল সরঞ্জাম প্রস্তুতকারক সংস্থা আর এই টারবাইন তৈরি করে না এবং সেই কারণে এর যন্ত্রাংশও তারা সরবরাহ করতে পারবে না। এর ফলে, টারবাইন রক্ষণাবেক্ষণ করার জন্য যে যন্ত্রাংশ প্রয়োজন Con Edison সংস্থাটি তা কেনার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছে। ফলত ব্যাক-আপ গ্যাস মজুত করে রাখা ও আপদকালীন পরিস্থিতিতে ইউটিলিটি গ্রাহকদের এলএনজি (LNG) প্ল্যান্ট থেকে নিরবিচ্ছিন্নভাবে পরিষেবা প্রদান করা চ্যালেঞ্জের মুখে পড়ছে।

পরিবর্তিত টাইটেল ভি পারমিটে নতুন টারবাইন GT015 হিসেবে শনাক্ত করা হবে, যা ইউনিট AS005B-এর সাথে যুক্ত।

এই প্রোজেক্ট কি আশেপাশের কমিউনিটিকে প্রভাবিত করবে?

এর এয়ার ফেসিলিটি টাইটেল ভি পারমিটের পরিবর্তন সংক্রান্ত তথ্যের শিট

প্রোজেক্ট ও নতুন টারবাইন ইনস্টলেশন প্রসেস সম্পূর্ণরূপে বর্তমান Con Edison-এর অ্যাস্টোরিয়া ফেসিলিটির মধ্যে হবে। পারমিটের পরিবর্তন হলে তা Con Edison সংস্থাকে নিরপদ ও বিশ্বাসযোগ্যভাবে তাদের অপারেশন চালিয়ে যেতে সাহায্য করবে। পাশাপাশি, পারমিটের পরিবর্তন হলে তা নতুন টার্বাইন ব্যবহারের মাধ্যমে বায়ুর নির্গমন কমাতে সাহায্য করবে। Con Edison-এর অ্যাস্টোরিয়া ফেসিলিটির সাইজ ও তার পরিবেষ্টিত পরিবেশের কারণে ফেসিলিটির সীমানার বাইরে থাকা আশপাশের কমিউনিটির উপরে কোনও প্রভাব পড়া প্রত্যাশিত নয়।

পারমিট রিভিউ প্রসেসে আমি কীভাবে অংশগ্রহণ করব?

আসন্ন ভার্চুয়াল পাবলিক মিটিংয়ে অংশগ্রহণ করুন, যা ডিসেম্বরের 12 তারিখ, বৃহস্পতিবার সন্ধ্যা 6.30-এ শুরু হবে এবং এই প্রোজেক্ট সম্পর্কিত আপনার কোনও প্রশ্ন থাকলে তা জিজ্ঞাসা করুন এবং/অথবা আশঙ্কা থাকলে তা জানান।

লিখিতভাবে, ফোনে বা ইমেলের মাধ্যমে প্রোজেক্টের সাথে যুক্ত যে ব্যক্তির নাম নিচে দেওয়া হয়েছে তার কাছে আপনার প্রশ্ন জিজ্ঞাসা করুন, আশঙ্কার কথা জানান, ইনপুট বা মতামত জমা দিন।

এই প্রস্তাবিত প্রোজেক্ট সম্পর্কে আরও তথ্য আমি কোথায় পাব?

অনলাইন ডকুমেন্টের এই ভাষারে যান: www.conEd.com/TurbineReplacement, এখানে প্রোজেক্ট সম্পর্কিত আবেদনপত্রের কন্টেন্ট, প্রাসঙ্গিক ডকুমেন্ট ও তথ্য পাবেন।

প্রোজেক্ট সম্পর্কিত তথ্য, আসন্ন ভার্চুয়াল পাবলিক মিটিংয়ে কীভাবে যোগ দিতে হবে তার নির্দেশাবলীর জন্য অথবা পারমিট আবেদনপত্রের স্ট্যাটাস এবং কতক্ষণ পর্যন্ত সাধারণ মানুষের মতামত গ্রহণ করা হবে, এইসব বিষয়ে জানতে, Con Edison Queens Regional and Community Affairs-এ যোগাযোগ করুন:

- ফোন নম্বর 1-718-425-6899;
- ইমেল আইডি QueensRCA@conEd.com, অথবা;

59-17 Junction Blvd, 2nd Floor, Elmhurst, NY, 11373 ঠিকানায় চিঠি লিখুন।

পারমিট সংক্রান্ত আবেদনপত্র পর্যালোচনা করার দায়িত্ব কার?

প্রয়োজনীয় পারমিট পর্যালোচনা ও তা জারি করার জন্য দায়িত্ব হল এর: NYSDEC Region 2 Headquarters, 47-40 21st Street, Long Island City, NY, 11101।

যোগাযোগ করার তথ্য:

- 1-718-482-4997
- DEP.R2@dec.ny.gov